

10134 - যাদের কাছে ইসলামের দাওয়াত পৌঁছেনি তাদের হুকুম

প্রশ্ন

যারা পৃথিবীর প্রত্যন্ত অঞ্চলে বসবাস করে তাদের শেষ পরিণতি কী হবে? জান্নাত; না জাহান্নাম? যেমন যারা বনে জঙ্গলে বা দক্ষিণ গোলার্ধে বসবাস করে, তারা কোন নবীর দেখা পায়নি, কেউ তাদেরকে আল্লাহ সম্পর্কে অথবা ইসলাম সম্পর্কে অবহিত করেনি।

প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। এই শ্রেণির মানুষ সম্পর্কে সবচেয়ে সুন্দর অভিমত হচ্ছে- কেয়ামতের দিন তাদেরকে পরীক্ষা করা হবে। যে ব্যক্তি নির্দেশ মান্য করবে সে জান্নাতে প্রবেশ করবে। আর যে ব্যক্তি অমান্য করবে সে জাহান্নামে প্রবেশ করবে। দলিল হচ্ছে- আল্লাহ তাআলার বানী: “আমরা রাসূল প্রেরণ ব্যতিরেকে কাউকে শাস্তি দিই না।”[সূরা বনী ইসরাইল, আয়াত: ১৫]